DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:14 AM

জাতীয়

# শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা রাজনৈতিক ভাঁওতাবাজি : প্রতিমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ০১ আগস্ট ২০২৬, ০৭:০৭ PM



ছবি সংগৃহীত

জুলাই গণ-অভ্যুত্থানের দায় নিয়ে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের চূড়ান্ত রাজনৈতিক, সামাজিক ও নৈতিক পরাজয় ঘটেছে বলে মন্তব্য করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। তিনি বলেছেন, শুধু দলীয় কর্মীদের চাঙ্গা রাখতে শেখ হাসিনা আগামী ডিসেম্বরে দেশে ফেরার কথা বলছেন, যা একটি রাজনৈতিক ভাঁওতাবাজি।

শনিবার (১ আগস্ট) রাজধানীর এফডিসিতে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত এক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ইশরাক হোসেন বলেন, আওয়ামী লীগের রাজনৈতিক কৌশল ভুল ছিল। তারা গণতন্ত্রের চর্চা না করে ফ্যাসিজমের দিকে ধাবিত হয়েছিল। মুক্তিযুদ্ধকে বিক্রি করে এবং এক ব্যক্তির পূজার মাধ্যমে তারা ক্ষমতায় টিকে ছিল।

জুলাই গণ-অভ্যুত্থানের পূর্বেই আওয়ামী পরিবারের সদস্যরা দেশ ত্যাগ করে কাপুরুষতার পরিচয় দিয়েছে।"

তিনি বলেন, "৫ আগস্টের পর আওয়ামী লীগ সামাজিকভাবে গা-ঢাকা দিলেও তাদের দোসররা এখনো প্রশাসন, ব্যবসা-বাণিজ্য ও সাংস্কৃতিক অঙ্গনে অবস্থান করছে। তবে জুলাই গণহত্যার দায়ে রাজনীতিতে তাদের পুনর্বাসনের আর কোনো সুযোগ নেই।" ফ্যাসিবাদের পুনরুত্থান রোধে গণ-অভ্যুত্থানের সব পক্ষকে বিভেদ ভুলে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান প্রতিমন্ত্রী।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, "জুলাই অভ্যুত্থান শুধু একটি সরকারের পতন ছিল না, এটি ছিল ফ্যাসিবাদীব্যবস্থার বিরুদ্ধে ছাত্র-জনতার দীর্ঘ আন্দোলনের ফসল। শেখ হাসিনার সম্মতিতে সংঘটিত এই গণহত্যার নিষ্ঠুরতা ইতিহাসের কালো অধ্যায় হয়ে থাকবে।" ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে অভ্যন্তরীণ বাগবিতণ্ডা এড়িয়ে ঐক্য বজায় রাখার তাগিদ দেন তিনি।

"জুলাই হত্যার দায়ে আওয়ামী লীগের রাজনৈতিক পরাজয়ের চেয়ে সামাজিক পরাজয় বেশি" শীর্ষক এ বিতর্ক প্রতিযোগিতায় গণবিশ্ববিদ্যালয়কে পরাজিত করে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) বিতার্কিক দল জয়লাভ করে।

প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন অধ্যাপক আবু মুহাম্মদ রইস, ড. এস এম মোর্শেদ, সাংবাদিক আরিফুজ্জামান মামুন, মাইদুর রহমান রুবেল ও জাকির হোসেন লিটন।

প্রতিযোগিতা শেষে বিজয়ী ও বিজিত দলের হাতে ট্রফি, ক্রেস্ট ও সনদপত্র তুলে দেওয়া হয়।

---


## এ বিভাগের আরও খবর



গ্যাস-বিদ্যুতের ভোগান্তি আরো দুই বছর পোহাতে হবে

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, গ্যাস-বিদ্যুতের সমস্যা রাতারাতি সমাধান করা সম্ভব নয়। নতুন কোনো ব্যবস্থা নিতে গেলে অন্তত দুই বছর সম...




### প্রধানমন্ত্রীর ভারত সফরের আগে অনুকূল পরিবেশ তৈরির আহ্বান ঢাকার

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফরের আগে অনুকূল পরিবেশ তৈরির জন্য নয়াদিল্লির প্রতি আহ্বান জানিয়েছে ঢাকা। রবিবার (১৬ আগস্ট) প...



### বিদ্যুৎ-জ্বালানি সংকটের জন্য স্বৈরাচারী সরকার দায়ী: প্রধানমন্ত্রী

পতিত স্বৈরাচারী আওয়ামী লীগ সরকারের অব্যবস্থাপনা ও অপরিকল্পিত পদক্ষেপের কারণেই দেশে বিদ্যুৎ ও জ্বালানি সংকট তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন প্র...



### রাজধানীতে ২৪ ঘণ্টায় ৫১১ জন গ্রেপ্তার

রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় বিভিন্ন থানায় ৪৯টি মামলা দায়ের ক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/shekh-hasinar-deshe-ferar-ghoshna-rajnoitik-bhanotabaji-prtimntri